

এক নজরে

সমবায় অধিদপ্তর জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র হ্রাস করণে সরকারি উদ্যোগ বাস্তবায়নের অন্যতম প্রধান সংস্থা হিসেবে পরিচিতি লাভ করেছে এবং এটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে একটি অধিদপ্তর। সমবায় অধিদপ্তরের প্রধান নির্বাহী কর্মকর্তা যিনি নিবন্ধক ও মহাপরিচালক নামে অভিহিত। উপজেলা/মেট্রো: থানা, জেলা, বিভাগ ও সদর দপ্তর এ ৪ পর্যায়ে এ অধিদপ্তরের কার্যালয় বিস্তৃত। এছাড়া একটি জাতীয় প্রশিক্ষণ একাডেমি, কুমিল্লা (বাংলাদেশ সমবায় একাডেমি) এবং ময়মনসিংহ, ফেনী, নওগাঁ, কুষ্টিয়া, ফরিদপুর, মৌলভীবাজার, রংপুর, খুলনা, বরিশাল, ও নরসিংদীতে ১টি করে মোট ১০টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট রয়েছে। সমবায় সমিতির নিবন্ধনসহ বিধিগত বিভিন্ন সেবা, আইনগত পরামর্শ এবং উন্নয়ন ও সম্প্রসারণমূলক কর্মকান্ডের মাধ্যমে সমবায় আন্দোলনকে সহায়তা করা ও জনগণের আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা সমবায় অধিদপ্তরের মূল কার্যক্রম।

এক নজরে উপজেলা সমবায় কার্যালয়, চন্দনাইশ, চট্টগ্রাম

১) জনবল সংক্রান্তঃ-

ক্র নং	পদবী	সংখ্যা	কর্মরত	কর্মকর্তা/কর্মচারীগণের নাম	মন্তব্য
০১	উপজেলা সমবায় কর্মকর্তা	০১	০১	মোঃ সামসুদ্দিন ভূইয়া	
০২	সহকারী পরিদর্শক	০২	০২	রাগ রনজিতা পরাগ, রুপক ভৌমিক	
০৩	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	০১	চিন্ময়ী ঘোষ	
০৪	অফিস সহায়ক	০১	০০		শূণ্য

০২) ঠিকানাঃ- উপজেলা পরিষদ, চন্দনাইশ, চট্টগ্রাম।

০৩) যোগাযোগঃ- ইমেইল-ucochandanish.coop@gmail.com

ফোনঃ-

০৪) আমাদের কার্যক্রমঃ- সমবায় সমিতি নিবন্ধন, তদারকী, পরিদর্শন, বার্ষিক নিরীক্ষা, অভিযোগ নিষ্পত্তি, অবসায়ন, নিবন্ধন বাতিল ও অন্যান্য সরকারী দায়িত্বপালন।

০৫) সমবায় সমিতির সংখ্যাঃ-

ক্রঃ নং	সমিতির শ্রেণী	সংখ্যা
০১	কেন্দ্রীয় সমবায় সমিতি	০১
০২	প্রাথমিক সমবায় সমিতি	৫৬

০৬) ঋণ কার্যক্রম চলমান আশ্রয়ণ প্রকল্পঃ- উপজেলার ০৩টি আশ্রয়ণ প্রকল্পে ঋণ কার্যক্রম চলমান আছে। উপজেলা আশ্রয়ণ প্রকল্পে ঋণ প্রদান ও আদায় কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব উপজেলা সমবায় অফিসার। উপজেলার ০৪টি আশ্রয়ণ প্রকল্পের নাম নিম্নরূপঃ-

- ক) দিয়াকুল আশ্রয়ণ প্রকল্প
- খ) কাঞ্চনাবাদ আশ্রয়ণ প্রকল্প
- গ) হাশিমপুর আশ্রয়ণ প্রকল্প-২
- ঘ) হাশিমপুর আশ্রয়ণ ২ প্রকল্প